

তারিখ : ০৯/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

রাফা ও গাজায় ইজরাইলের বর্বরোচিত গণহত্যায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিন্দা ও প্রতিবাদ কর্মসূচি


কোটি কোটি মুসলিমের প্রাণের শহর গাজার প্রতিটি জনপদ, ধর্মপ্রাণ মুসলমানের প্রাণের আল-আকসার ধ্বংস্তুপ, শহরের প্রতিটি ধ্বংস হওয়া বাড়ি-ঘর; যেখানে লক্ষ লক্ষ শিশুরা খোলা আকাশের নিচে বেঁচে থাকার আত্ননাদ করছে, অসহায় বাবা-মায়েদের কোলে সন্তানের নিখর দেহ পরিলক্ষিত করে; এ কোন সামরিক অভিযান নয় বরং নিঃসন্দেহে এটি গণহত্যা। যা বিশ্ব মানবতাকে প্রশ্নবিদ্ধ করেছে।

অধিকৃত ফিলিস্তিনির ভূখন্ড গাজায় ইসরাইলের অব্যাহত বর্বর, নৃশংস ও নির্মম এই হত্যাযজ্ঞ ও নির্যাতিত গাঁজার জনগণের প্রতি সংহতি জানাতে বাংলাদেশের প্রতিটি শিক্ষাঙ্গনের ন্যায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়েও এ গণহত্যার বিরুদ্ধে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

একইসাথে আগামী ১০ এপ্রিল ২০২৫ তারিখে "The world stops for Gaza" কর্মসূচির সাথে সংহতি প্রকাশ করে বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সকাল ১০.০০টায় বিশ্ববিদ্যালয়ের সামনে (বসিলা, মোহাম্মদপুর) মানববন্ধন অনুষ্ঠিত হবে।

একই দিন বা'দ জোহর নিহত ফিলিস্তিনিদের জন্য বিশেষ দু'আ মাহফিলেরও আয়োজন করা হয়েছে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সারাদেশের সকল ফাজিল ও কামিল মাদরাসাসমূহকে নিজ নিজ প্রতিষ্ঠানে উক্ত কর্মসূচি পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।


(মোহাম্মদ আলী)

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।